পিএইচ.ডি. কোর্সওয়ার্ক ২০২১

বাংলা

কোর্স ১

গবেষণার পদ্ধতি ও প্রকরণ

সময় : ৪ ঘণ্টা পূর্ণমান : ৮০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন: ২X১৫=৩০

ক) গবেষণাপত্রের আখ্যাপত্র (টাইটেল পেজ) এবং অন্ত্যটীকার (এন্ড নোট) গুরুত্ব উপযুক্ত নমুনা-সহ বর্ণনা করুন।

খ) বাংলায় গবেষণাপত্র প্রস্তুত করার সময় একজন গবেষককে বাংলা বানান সম্পর্কে কোন্ কোন্ দিক থেকে সতর্ক থাকতে হবে লিখুন।

গ) ক্ষেত্রসমীক্ষার একটি প্রশ্নমালা রচনা করুন।

ঘ) উনিশ শতকে বাংলা-বিদ্যাচর্চার বিস্তারে গণপরিসরের (পাবলিক ডোমেন) ভূমিকা সম্বন্ধে সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫X২=১০

ক) গবেষণাকালে তথ্যসংগ্রহ কীভাবে করবেন?

খ) কোথায় কীভাবে ইনডেন্ট ব্যবহার করতে হয় তা জানান।

গ) কুশীলক বৃত্তি সম্পর্কে সংক্ষেপে লিখুন।

ঘ) বিরামচিহ্নের যথাযথ ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

ঙ) বঙ্গদেশের দুজন ক্ষেত্রসমীক্ষকের নাম লিখুন।

৩। যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দিন: ৬X৫=৩০

ক) গ্রন্থপঞ্জির একটি আদর্শ নমুনা পেশ করুন।

খ) গবেষণাপত্রে একবিন্দু ও ত্রিবিন্দু চিহ্নের ব্যবহার কখন কীভাবে হয় দেখান।

গ) প্রুফ-রিডারের গুরুত্ব উল্লেখ করে কপি-সংশোধনের কারণ চিহ্নিত করুন।

ঘ) 'কি' ও 'কী'-এর ব্যবহার কোন্ কোন্ ক্ষেত্রে হয়?

ঙ) বিসর্গ ও কোলন চিহ্নের মিল-অমিল দেখান।

চ) গবেষণাপত্রে কীভাবে হাইফেন-চিহ্ন ব্যবহার করতে হয়, উদাহরণ-সহ জানান।

ছ) ক্ষেত্রসমীক্ষার দুটি পূর্বপ্রস্তুতির উল্লেখ করুন।

জ) ক্ষেত্রসমীক্ষার দুটি পদ্ধতির উল্লেখ করুন।

ঝ) গবেষণাপত্রে কখন কীভাবে বক্রলেখ প্রয়োগ করতে হয় লিখুন।



পরপৃষ্ঠা দ্রষ্টব্য

৪। ক এবং খ প্রশ্নের উত্তর আবশ্যিক ('ক' এবং 'খ'-এর প্রুফ উত্তরপত্রে কপি করে সংশোধন করুন): ২x৫=১০

ক) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন:

মূল কপি:

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলি শেষ করিয়া সবেমাত্র বাহির হইয়াছি। পয়সার বিশেষ টানাটানি ছিল না, পিতৃদেব ব্যাঙ্কে যে টাকা রাখিয়া গিয়াছিলেন, তাহার সুদে আমার একক জীবনের খরচা কলিকাতার মেসে থাকিয়া বেশ ভদ্রভাবেই চলিয়া যাইত। তাই স্থির করিয়াছিলাম, কৌমার্য ব্রত অবলম্বন করিয়া সাহিত্যচর্চায় জীবন অতিবাহিত করিব। এই সময়টাতে বাঙালীর সন্তান অনেক ভাল স্বপ্ন দেখে, যদিও সে-স্বপ্ন ভাঙিতেও বেশি বিলম্ব হয় না।

প্রুফ:

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলি শেষ করিয়া সবে মাত্র বাহির হইয়াছি। পয়সার বিশেষ টানাটানি ছিল না। পিতৃদেব ব্যাঙ্কে যে টাকা রাখিয়া গিয়াছিলেন, তাহার সুদে আমার একক জীবনের খর্চা কলিকাতার মেসে থাকিয়া বেশ ভদ্রভাবেই চলিয়া যাইত। তাই স্থির করিয়াছিলাম, কৌমার্য্য ব্রত অবলম্বন করিয়া সাহিত্যচর্চায় জীবন অতিবাহিত করিব। এই সময়টাতে বাঙালির সন্তান অনেক ভাল স্বপ্ন দেখে, যদিও সে-স্বপ্ন ভাঙিতেও বেশি বিলম্ব হয় না।

খ) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন:

মূল কপি:

হে কৈশোরের প্রিয়া,
ভোরবেলাকার আলোক-আঁধার-লাগা
চলেছিলে তুমি আধঘুমো-আধজাগা
মোর জীবনের ঘন বনপথ দিয়া।
ছায়ায় ছায়ায় আমি ফিরিতাম একা,
দেখি দেখি করে শুধু হয়েছিল দেখা
চকিত পায়ের চলার ইশারাখানি।
চুলের গন্ধে ফুলের গন্ধে মিলে
পিছে পিছে তব বাতাসে চিহ্ন দিলে
বাসনার রেখা টানি।

প্রুফ:

হে কৈশোরের প্রিয়া
ভোরবেলাকার আলোক-আঁধারলাগা
চলেছিলে তুমি আধঘুমো-আধজাগা
মোর জীবনের ঘন বণপথ দিয়া।
ছায়ায় ছায়ায় আমি ফিরিতাম একা,
দেখি দেখি করে শুধু হয়েছিল দেখা
চকিত পায়ের চলার ইশারা খানি।
চুলের গন্ধে বনের গন্ধে মিলে
পিছে পিছে তব বাতাসে চিহ্ন দিলে
কামনার রেখা টানি।

পিএইচ. ডি. কোর্সওয়ার্ক পরীক্ষা ২০২১

বাংলা

কোর্স-২ (ঐচ্ছিক)

(কথাসাহিত্য)

সময়: ৪ ঘন্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

**একক -১**

১।

ক) 'ন্যারেটোলজি' নামক পাশ্চাত্য ডিসিপ্লিনের প্রায়োগিক সার্থকতা নিয়ে কী ধরনের প্রশ্ন তুলেছেন রামকৃষ্ণ ভট্টাচার্য? সাহিত্যপাঠ ও গবেষণার ক্ষেত্রে ন্যারেটোলজি আদৌ আপনাকে সাহায্য করতে পারে বলে আপনি মনে করেন? আপনার বক্তব্য লিখুন। ৪+৬=১০

অথবা

খ) অনেকেই মনে করেন, আধুনিক আখ্যানে অনিবার্য নয় প্লটের উপস্থিতি। — প্লটের প্রতি এই দ্রোহ ঘোষণার যৌক্তিকতা কী? প্লটের সাবেক ধারণার আলোচনা করে দেখান, কীভাবে সময়ের সঙ্গে সঙ্গে প্লটের ভাবনায় নানা রকমফের ঘটেছে? ৪+৬ =১০

অথবা

গ) 'ন্যারেটর', 'ন্যারেটি', 'ইমপ্লায়েড অথর', 'ইমপ্লায়েড রিডার' ইত্যাদি আখ্যানতাত্ত্বিক পারিভাষিক ধারণাগুলির উদাহরণসহ পরিচয় দিন। 'ন্যারেটিভ কম্যুনিকেশন'-এর ক্ষেত্রে অন্তত তিনজন আখ্যানতাত্ত্বিকের প্রস্তাবিত মডেলের সংক্ষিপ্ত আলোচনা করুন। ৪+৬=১০

**২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন :** **৫ x ২ = ১০**

ক) 'Choronotope' একটি জোড়কলম শব্দ। এর মধ্যে মিশে আছে যে-দুটি শব্দ সেগুলি কী কী ?

খ) একটি সরল পন্থাকার এবং একটি জটিল হর্ম্যাকার প্লটের বাংলা উপন্যাসের নাম লিখুন।

গ) আখ্যানতত্ত্বের 'Focalization' এবং 'Cinematic Narration' ধারণাদুটির প্রস্তাবকের নাম কী?

ঘ) 'The Rhetoric of Fiction' বইটি কার লেখা? কত সালে এটি প্রথম প্রকাশিত হয়?

ঙ) বাংলা কথাসাহিত্য থেকে একজন 'বহিঃস্থ কথক' এবং একজন 'অন্তঃস্থ কথক'-এর দৃষ্টান্ত দিন।

**একক – ২**

৩।

ক) 'বাংলা উপন্যাসের কালান্তর' গ্রন্থে 'উপন্যাসের শিল্পরূপের বৈশিষ্ট্য' সম্পর্কে সমালোচক যে কথাগুলি বলেছেন তা সংক্ষেপে বিবৃত করুন। ১০

অথবা

খ) 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' গ্রন্থের উপন্যাস সমালোচনার পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন। ১০

অথবা

গ)'রবীন্দ্রনাথ:ছোটগল্পের প্রকরণ-শিল্প' গ্রন্থের 'সূচীপত্র' অবলম্বনে গোপিকানাথ রায়চৌধুরীর আলোচনা-পদ্ধতি বিশ্লেষণ করুন। ১০

**৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন:** **৫ x ২ = ১০**

ক) 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' কোন পত্রিকায়, কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?

খ) কথাসাহিত্য সমালোচনার যে-কোনো দুটি পদ্ধতির নাম উল্লেখ করুন।

পরের পাতায় দেখুন

গ) ন্যাথানিয়েল হর্থন-এর 'Twice-Told Tales' গ্রন্থের দ্বিতীয় সংস্করণ কত সালে প্রকাশিত হয়? কে এই গ্রন্থের সমালোচনা লেখেন?

ঘ) 'The Philosophy of the Short-Story' গ্রন্থের লেখক কে? এই বই প্রথম কত সালে প্রকাশিত হয়?

ঙ) 'রবীন্দ্র উপন্যাসের নির্মাণশিল্প' গ্রন্থে মোট কয়টি অধ্যায় রয়েছে? এই বইয়ের আলোচনায় কাহিনি ও চরিত্রের মধ্যে কোন অধ্যায়কে আগে স্থান দেওয়া হয়েছে?

**একক - ৩**

৫।

ক) বাংলা কথাসাহিত্যে নকশাল আন্দোলনের প্রতিফলন সম্পর্কে আলোচনা করুন। ১০

অথবা

খ) বিশ শতকের বাংলা উপন্যাসে লোকসংস্কৃতির যে বিচিত্র রূপের প্রকাশ তার পরিচয় দিন। ১০

অথবা

গ) বাংলা ছোটগল্পে দেশভাগ ও উদ্বাস্তু সমস্যার যে চিত্র পাওয়া যায় তা নিয়ে আলোচনা করুন। ১০

**৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন:** ৫ x ২ = ১০

ক) 'পঞ্চাশের পথ' উপন্যাসের লেখক কে? এই উপন্যাস কোন পটভূমিতে রচিত হয়েছে?

খ) 'রণক্ষেত্র রাজপথ'-এর রচয়িতা কে? এটি কবে প্রকাশিত হয়েছিল?

গ) তেভাগা আন্দোলন অবলম্বনে রচিত দুটি ছোটগল্পের নাম লিখুন।

ঘ) বাংলা কথাসাহিত্যের প্রকৃত যুদ্ধ অভিজ্ঞতা সম্পন্ন একটি উপন্যাসের নাম ও লেখকের নাম লিখুন।

ঙ) 'প্রগতি লেখক সংঘ'-এর দ্বিতীয় অধিবেশন কত সালে, কোথায় হয়েছিল?

**একক – ৪**

৭।

ক) 'নভেল' এই সাহিত্যরূপটি গড়ে ওঠার পেছনে আর্থ-সামাজিক বাস্তবতার বিশেষ ভূমিকা ছিল। আলোচনা করুন। ১০

অথবা

খ) পাশ্চাত্য নভেলের নানারূপ বিভিন্ন সময়ে অনুসণ করেছেন বাংলা লেখকেরা। আলোচনা করুন। ১০

অথবা

গ) গল্পকার সাদাত হাসান মান্টোর জীবনের সংক্ষিপ্ত পরিচয় দিন। গল্পকার হিসেবে মান্টোর জীবনদর্শন তাঁর 'খোল দো' গল্পে কীভাবে প্রকাশিত হয়েছে তা আলোচনা করুন। ১০

**৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর করুন:** ৫ x ২ = ১০

ক) 'আলালের ঘরের দুলাল' কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? কত খ্রিস্টাব্দে এটি গ্রন্থরূপে প্রকাশিত হয়?

খ) সাদাত হাসান মান্টোর দুটি গল্পগ্রন্থের নাম লিখুন।

গ) মান্টোর এমন দুটি ছোটগল্পের নাম লিখুন যার একটি দেশভাগ ও অন্যটি যৌনকর্মীদের নিয়ে লেখা।

ঘ) ইসমাত চুঘতাই-এর লেখা দুটি গল্পের নাম উল্লেখ করুন।

ঙ) ইসমাত চুঘতাই এবং সাদাত হাসান মান্টোর গল্প অবলম্বনে নির্মিত দুটি চলচ্চিত্রের নাম লিখুন।

পিএইচ. ডি. কোর্সওয়ার্ক পরীক্ষা ২০২১

বাংলা

কোর্স – ২ (ঐচ্ছিক)

(লোকসংস্কৃতি ও ক্ষেত্রসমীক্ষা)

সময় : ৪ ঘণ্টা পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

একক – ১

১।(ক) লোকসংস্কৃতিবিজ্ঞান বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

অথবা

(খ) বঙ্গদেশের লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের আলোচনায় জাতীয়তাবাদী পদ্ধতির ভূমিকা কী ছিল তা আলোচনা করুন। ১০

অথবা

(গ) 'লোকসাহিত্য আন্তর্বিদ্যামূলক বিষয়' আলোচনা করুন। ১০

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫x২=১০

(ক) 'লোকবৃত্ত' এবং 'লোকচর্যা'- ফোকলোরের এই পরিভাষা দুটির প্রবর্তকের নাম লিখুন।

(খ) কমিউনিস্ট ম্যানিফেস্টো কত সালে কোথা থেকে প্রকাশিত হয়?

(গ) 'Popular Antiquity' শব্দটি কে কত সালে প্রথম ব্যবহার করেন?

(ঘ) মোটিফ ইনডেক্স ও টাইপ ইনডেক্স নিয়ে যাঁরা আলোচনা করেছেন তাঁদের দুজনের নাম লিখুন।

(ঙ) লোকসংস্কৃতির তত্ত্ব ও পদ্ধতি বিষয়ক দুটি গ্রন্থের নাম লিখুন।

একক – ২

৩। (ক) ছড়ায় যাদুবিশ্বাস সম্পর্কে আলোকপাত করুন। ১০

অথবা

(খ) লোকসাহিত্যে লোকসাংবাদিকতা বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

অথবা

(গ) পাঠ্য যে-কোনো একটি রাঢ়বঙ্গীয় গীতিকার স্বাতন্ত্র্য আলোচনা করুন। ১০

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫x২= ১০

(ক) লোকসাহিত্যের সঙ্গে পরিশীলিত সাহিত্যের দুটি পার্থক্য লিখুন।

(খ) পূর্ববঙ্গ গীতিকার দুটি বৈশিষ্ট্য লিখুন।

(গ) লোকসংগীতের দুটি বৈশিষ্ট্য লিখুন।

(ঘ) রাঢ়বঙ্গের একটি গীতিকা-সংকলন গ্রন্থ ও ওই গ্রন্থের সম্পাদকের নাম লিখুন।

(ঙ) গুরুসদয় দত্ত রচিত দুটি গ্রন্থের নাম লিখুন।

একক- ৩

৫। (ক)পুরুলিয়ার ছৌ নাচ ও অন্যান্য জায়গার ছৌ নাচের পার্থক্য আলোচনা করে বাংলার ছৌ নাচ সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করুন। ৪+৬=১০

অথবা

(খ) বাংলার পটচিত্র বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

অথবা

(গ) গম্ভীরা গানে লোকনাট্যের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন। ১০

৬। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫x২ = ১০

(ক) ওড়িশার কোন জেলার কোন গ্রামে ছৌ নাচের প্রচলন আছে?

(খ) বর্ধমান ও বীরভূম জেলার দুটি গ্রামের নাম লিখুন যেখানে রায়বেঁশে নাচের প্রচলন আছে।

(গ) গুরুসদয় দত্ত কবে কোথায় ব্রতচারী সংঘ প্রতিষ্ঠা করেন?

(ঘ) দুটি মিশ্র শিল্প (Composite Art)এর নাম লিখুন।

(ঙ) কাঠের পেঁচা-পুতুলের জন্য কোন জেলার কোন গ্রাম খ্যাত?

একক – 8

৭। (ক) ক্ষেত্রসমীক্ষা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি প্রতিবেদন রচনা করুন। ১০

অথবা

(খ) ক্ষেত্রসমীক্ষার পর্বগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ১০

অথবা

(গ) ক্ষেত্রসমীক্ষার পূর্বপ্রস্তুতি বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

৮। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫ x ২ = ১০

(ক লোকসংস্কৃতির ক্ষেত্রসমীক্ষা বিষয়ক দুটি গ্রন্থের নাম লিখুন।

(খ) 'Folktales of Bengal' গ্রন্থটির রচয়িতা এবং প্রকাশকাল উল্লেখ করুন।

(গ) তথ্য সংগ্রহের ক্ষেত্রে দুটি সতর্কতার কথা উল্লেখ করুন।

(ঘ) লোকসংগীতের উপাদান সংগ্রহের ক্ষেত্রে দুটি অত্যাবশ্যকীয় উপকরণের নাম লিখুন।

(ঙ) ক্ষেত্রসমীক্ষায় ব্যবহৃত দুটি পদ্ধতির নাম লিখুন।

---------